

## সমকাল

# পাবিপ্রবি উপাচার্যের পদত্যাগের দাবিতে বাসভবন ঘেরাও শিক্ষার্থীদের

০২ নভেম্বর ২০১৯

---

পাবনা অফিস

---



আন্দোলনরত শিক্ষার্থীদের একাংশ - সমকাল

দুর্নীতি ও অনিয়মের অভিযোগে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এম রোক্তম আলীসহ প্রশাসনের সকল কর্মকর্তার পদত্যাগ দাবিতে উপাচার্যের বাসভবন ঘেরাও করে বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা।

শনিবার সকাল থেকে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে বাসভবনে অবরুদ্ধ হয়ে আছেন উপাচার্য। পরে উদ্ভৃত পরিস্থিতি নিয়ে সেখানে প্রট্রিয়াল বডি, সকল অনুষদের ডিন ও বিভাগীয় প্রধানদের নিয়ে বৈঠকে বসেছেন।